

## আশুগঞ্জ সার কারখানা কলেজ

বার্ষিক পরীক্ষা- ২০২০ খ্রি:

শ্রেণিঃ একাদশ, বিষয়ঃ বাংলা ১ম পত্র, (সংজনশীল প্রশ্ন)

সময়ঃ ২ ঘন্টা ৩০ মিনিট

পূর্ণমানঃ ৭০

[বিশেষ দ্রষ্টব্যঃ ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। সকল প্রশ্নের উভয় দাও।]

### “ক” বিভাগ (গদ্য)

১। স্বামী পরিত্যক্ত লিমা তিনটি নাবালক সন্তান নিয়ে ধনী লাল মিয়ার বাড়িতে বুয়ার কাজ করে খেয়ে না খেয়ে কোন রকমে দিন গুজরান করেন। অভাবের তাড়নায় সেদিন চাল চুরি করে নিয়ে যাওয়ার সময় ধরা পড়ে যায়। অতঃপর তার ভাগ্যে জোটে নিদারণ লাঞ্ছন। বিতাড়িত হয় কাজ থেকে।

ক) “লাঙ্গুল” শব্দের অর্থ কী?

১

খ) “সমাজের ধন বৃদ্ধির অর্থ ধনীর ধনবৃদ্ধি।”- উক্তিটি ব্যাখ্যা কর।

২

গ) উদ্দীপকে “বিড়াল” রচনার যে দিকটি ফুটে উঠেছে তা আলোচনা কর।

৩

ঘ) “খাইতে দাও নইলে চুরি করিয়া খাইব।”- উক্তির আলোকে উদ্দীপকটি যাচাই কর।

৪

২। আজকার আর কেউ জারি, সারি, ভাটিয়ালি শুনতে চায় না। আর বাঁশি, ঢাক, ঢোল, দোতারা ইত্যাদি বাদ্যযন্ত্র যেন আচ্ছুৎ। পালাগান, কবিগানের আসরে যাওয়ার সময় নেই মানুষের। আধুনিক কত যে উপকরণ আর অনুষঙ্গ আজ তাদের মনোজগতের খোরাক জোগায়। অথচ একদিন দেশীয় সব সংস্কৃতিকে আঁকড়ে থেকেই কত আনন্দে আর সুখে দিন কাটাত সকলে।

ক) যে কল্যাণির মাথায় তেল দেয়ার জন্য কৃষক বধু লেখিকার বাড়িতে আসত, সে কল্যাণির নাম কী?

১

খ) “ধান্য তার বসুন্ধরা যার।”- দ্বারা কী বোঝানো হয়েছে?

২

গ) “চাষার দুক্ষ” প্রবন্ধের সাথে উদ্দীপকের সাদৃশ্যপূর্ণ দিকটি তুলে ধর।

৩

ঘ) উদ্দীপকটিকে “চাষার দুক্ষ” প্রবন্ধের সার্থক প্রতিবিম্ব মনে কর কি? কেন?

৪

৩। রাতের আঁধারে ছিঁড়িয়ে করে মা-মেয়ের গগণবিদারী চির্তকার গ্রামময় ধ্বনিত হতে থাকে। মুর্হুতেই গ্রামবাসীর সরব উপস্থিতিতে সরগরম হয়ে উঠে আলেয়ার উঠোন। ততক্ষণে সটকে পড়েছে ডাকাতবেশী লম্পটের দল। অসহায় মা-মেয়ে বুরাতে পারে- এক মাঘে শীত যায় না। তারা গ্রামের মতবরের শরণাপন্ন হলে মাতবর তাদের নিরাপত্তা নিশ্চিত করেন।

ক) “ব্যঙ্গন” শব্দের অর্থ কী?

১

খ) “মাসি-পিসি” গল্পে কৈলাশের ভূমিকা কী?

২

গ) “মাসি-পিসি” গল্পের মাসি-পিসি চরিত্রের সাথে উদ্দীপকের মা-মেয়ের সাযুজ্য নির্ণয় কর।

৩

ঘ) উদ্দীপকের পরিণতি “মাসি-পিসি” গল্পের পরিণতি থেকে ভিন্নতর হওয়ার কারণ ব্যাখ্যা কর।

৪

### “খ” বিভাগ (কবিতা)

৪। কল্পিত কাহিনিঃ সুন্দরবনের কোন একটি অঞ্চলে মুক্তিবাহিনীর একটি দল গড়ে তোলেন আকাশ। উদ্দেশ্য, উপযুক্ত প্রশিক্ষণ শেষে আমে-পাশের এলাকায় গেরিলা আক্রমণ চালিয়ে শত্রুদেরকে পর্যন্ত করা। কিন্তু হঠাতে একদিন শত্রুর অতর্কিং আক্রমণে নিজেরাই পর্যন্ত হয়ে যান। মূলত তাদের ক্যাম্পেরই একজন সদস্য আরমান শত্রুপক্ষকে তাদের সম্পর্কে সকল তথ্য ও তাদের অবস্থান জানিয়ে দিয়েছিল। তবে স্থানিন্তা আটকাতে পারে নি।

ক) কবিতায় ব্যবহৃত লক্ষণের আরেকটি নাম লেখ।

১

খ) “হে পিতৃব্য, তব বাক্যে ইচ্ছি মরিবারে।”- বক্তার মনোভাব ব্যাখ্যা কর।

২

গ) উদ্দীপকের আকাশ ও “বিভীষণের প্রতি মেঘনাদ” কবিতার মধ্যে সাদৃশ্যপূর্ণ চরিত্রটির তুলনা কর।

৩

ঘ) “বিভীষণের প্রতি মেঘনাদ” কবিতা ও উদ্দীপক উভয় ক্ষেত্রেই বিশ্বাসঘাতকা আছে, কিন্তু পরিণতি এক নয় - ব্যাখ্যা কর।

৪

৫। “বহুরপে সম্মুখে তোমার ছাড়ি কোথা খুঁজিছ দৈনব্য?

জীবে প্রেম করে যেই জন, সেই জন সেবিছে স্টশুর।”

ক) কন্দর শব্দের অর্থ কী?

১

খ) “ত্যজিল রাজ্য মানবের মহা-বেদনার ডাক শুনি”- উক্তিটি ব্যাখ্যা কর।

২

গ) উদ্দীপকে “সাম্যবাদী” কবিতার প্রতিফলিত দিকটি আলোচনা কর।

৩

ঘ) ‘উদ্দীপকটিতে “সাম্যবাদী” কবিতার সম্পূর্ণভাব ফুটে উঠে নি।’- প্রমাণ কর।

৪

### “গ” বিভাগ (উপন্যাস)

৬। আধুনিক শিক্ষা ব্যবস্থার সাথে তাল মিলিয়ে মানসম্মত শিক্ষা অর্জনের লক্ষ্য যখন সৃজনশীল শিক্ষা ব্যবস্থা চালু করতে উদ্যোগী হল সরকার, তখন গাইড বই ব্যবসায়ীরা নতুন ধারা বিরুদ্ধে জনতম গঠনে সক্রিয় হয়ে উঠল। তাদের ব্যবসা যে হৃষিকের মুখে। কিন্তু শেষ পর্যন্ত তাদের প্রচেষ্টা সার্থক হয় নি সরকারের দৃঢ়তার কারণে।

ক) “চোখে তার তেমনি শিকারীর সূচার একাগ্রতা।”- কার?

১

খ) মহৱত নগর গ্রামে মজিদের আগমন কিভাবে হয়েছিঃ?

২

গ) উদ্দীপকের ঘটনাটির সাথে “লালসালু” উপন্যাসের যোগসূত্র স্থাপন কর।

৩

ঘ) “স্বার্থব্বেষীরা তাদের স্বার্থরক্ষায় সর্বদাই সক্রিয়” উক্তিটির আলোকে উদ্দীপক ও ‘লালসালু’ উপন্যাসকে ব্যাখ্যা কর।

৪

### “ঘ” বিভাগ (নাটক)

৭। এলাকার সবচেয়ে বড় বাজারটির নাম মহাজনহাট। সেদিন রাতে কিভাবে যেন আগুন লেগে যায় বাজারটিতে। মসজিদের মাইকে আশেপাশের গ্রামের মানুষকে আগুন নিভানোর জন্য আহ্বান জানানো হয়। গ্রামের মানুষগুলো ছুটে আসে। কিন্তু তারা আগুন না নিভিয়ে

বিভিন্ন দোকানের মালামাল লুটে নিয়ে পালিয়ে যায়। অসহায় ব্যবসায়ীদের করার কিছুই থাকে না। আগুনে ভস্মিভূত হয় মহাজনহাট।

ক) আজ থেকে কলকাতার নাম হলো \_\_\_\_\_। শূন্য স্থানে কী হবে? ১

খ) “ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন, এ বড় লজার কথা।”- উক্তিটি ব্যাখ্যা কর। ২

গ) মহাজনহাটের ব্যবসায়ীদের সাথে সিরাজউদ্দৌলার মিল কোথায়?- আলোচনা কর। ৩

ঘ) “প্রেক্ষাপট ভিন্ন হলেও উদ্বীপকের থামবাসী আর মুশিদাবাদ নগরবাসী একই সুঁতার বাঁধা।”- ঘৃত্যিসিদ্ধ কর। ৪